দৈনিক ইনকিলাব

24 MAR 2007

পৃষ্ঠা ১৫ কলাম ৬

# মাদ্রাসা বোর্ডের ফাজিল ও কামিল শ্রেণীর শিক্ষার্থীরা ইবির অধিভুক্ত হচ্ছে

ইবি রিপোর্টার

চলতি ২০০৬-০৭ শিক্ষাবর্ষ থেকে মাদ্রাসা বোর্ডের ফাজিল ও কামিল শ্রেণীর শিক্ষার্থীরা ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্তর্ভুক্ত হচ্ছে। এতে উক্ত দু'শ্রেণীর শিক্ষার্থীরা ২০০৬-০৭ শিক্ষাবর্ষ থেকে অত্র বিশ্ববিদ্যালয়ের অধীনে বিএ ও এমএ'র মান পাবে। গত বুধবার বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সভায় ইসলামী বিশ্ববিদ্যালয়ে ফাজিল ও কামিল মাদ্রাসার অধিভুক্ত বিষয়ে একাডেমিক অর্ডিনেন্স অনুমোদন হয় বলে বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, দেশের সকল ফাজিল ও কামিল মাদ্রাসাকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত করে গত বছরের অক্টোবর মাসে ইসলামী বিশ্ববিদ্যালয় অ্যাক্ট ২০০৬ নামে জাতীয় সংসদে একটি আইন পাস হয়। আইনটি ২০০৬ সালের ১১ অক্টোবর প্রেসিডেন্টের সম্মতি লাভ করে। এ আইনের ১২ ধারার (১) উপধারায় বলা হয়েছে, 'এই আইন কার্যকর হইবার সংগে সংগে মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত ও অঙ্গীভূত সকল ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহ বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত এবং অঙ্গীভূত মাদ্রাসা হিসাবে গণ্য হইবে।' ১২ ধারার (২০) উপধারায় বলা হয়েছে, "এই আইন প্রবর্তনের অব্যবহিত হইতে ফাজিল ও কামিল মাদ্রাসায় অধ্যয়নরত ছাত্রছাত্রীগণ এই আইনের অধীন বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী বলিয়া গণ্য হইবেন।" এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফয়েজ মোহাম্মদ সিরাজুল হক বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী চলতি শিক্ষাবর্ষ থেকে ফাজিল ও কামিল মাদ্রাসা এ বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত হচ্ছে।